দৈনিক বাংলা

তারিখ 16 NOV 1992
পৃষ্ঠা ১ কলাম ৫

৭

137

# পরীক্ষার হলে ছাত্রের ওপর মাস্তানের হামলা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : মাস্তানদের হাতুড়ির আঘাতে রোববার ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবনের পরীক্ষার হলে এক ছাত্র আহত হয়েছে।

বেলা দেড়টায় একদল তরুণ কলাভবনের চারতলায় পরীক্ষার হলে ঢুকে ফাইন্যান্স বিভাগের এম কম শেষবর্ষের

(৭-এর পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## পরীক্ষার হলে ছাত্রের

( প্রথম পাতার পর )

ছাত্র গোলাম গাউসের উপর হামলা চালায়। গাউস এসময় পরীক্ষায় অংশ নেয়ার জন্য এসেছিলেন। তরুণরা তার মাথায় এবং সারা শরীরে হাতুড়ি দিয়ে আঘাত করে। এসময় পরীক্ষার হলে আতংক ছড়িয়ে পড়ে এবং আতংকিত ছাত্র-ছাত্রীরা ছোটাছুটি শুরু করে। উদ্ভূত পরিস্থিতিতে ফাইন্যান্স বিভাগের পরীক্ষাটি স্থগিত ঘোষণা করা হয়।

আহত গাউসকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেয়া হয়। গাউস জাতীয়তাবাদী ছাত্রদল কর্মী এবং জসীমউদ্দীন হলের আবাসিক ছাত্র।